

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ

সার্কুলার নং- ০৮/২০১৮

তারিখঃ ০৫-০৮-২০১৮

বিষয় : “ঈদ-উল-আযহা”-২০১৮ এর উৎসব বোনাস প্রদান প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শাখা-৪, বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অফিস স্মারক নং- অম/অবি(বাস্ত)-৪/এফবি১২/৮৬/২৯ তারিখ : ০৩-০৭-১৯৮৮/২০-০৩-১৯৯৫ বাৎ মোতাবেক প্রতি অর্থ বৎসরে ২(দুই) মাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ প্রদান করতে হবে। তদানুযায়ী আসন্ন “ঈদ-উল-আযহা” উপলক্ষে একটি সাধারণ বোনাস সকল মুসলমান কর্মকর্তা/কর্মচারীগণকে তাঁদের ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা, ব্যক্তিগত বেতনসহ (যদি থাকে) ২৭ জুলাই ২০১৮ ইং তারিখে প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ০৫ আগস্ট ২০১৮ তারিখে অথবা উৎসবের পূর্বে যে কোন দিন প্রদেয় হবে।

২। দৈনিক/খন্ডকালীন/চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত সকল কর্মকর্তা/কর্মচারী চাকুরীর মেয়াদ নির্বিশেষে এই বোনাস পাওয়ার যোগ্য হবেন।

৩। অন্যান্য ধর্মাবলম্বী কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের নিজ নিজ প্রধান উৎসবের প্রাক্কালে উল্লেখিত পরিমাণ সাধারণ বোনাস প্রাপ্য হবেন। তবে যদি কোন অমুসলমান কর্মকর্তা/কর্মচারী তাঁদের মূল উৎসবের প্রাক্কালে উক্ত বোনাস গ্রহণ করতে চান তাহলে তাঁরা এই মর্মে স্ব-স্ব অফিস/শাখা প্রধানের নিকট “ঈদ-উল-আযহা” উপলক্ষে সাধারণ বোনাস বিতরণের তারিখের পূর্বে তাঁদের অপশন জানাবেন এবং অপশন অনুসারে সংশ্লিষ্ট অমুসলমান কর্মকর্তা/কর্মচারীগণকে সাধারণ বোনাস প্রদান করা হবে। তাঁরা কোন অপশন প্রদান না করলে মুসলমান কর্মকর্তা/কর্মচারীগণের সাথে তাঁদের সাধারণ বোনাস প্রদান করা হবে।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শাখা-১, অনুবিভাগ, বাণিজ্যিক ব্যাংক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর ২৪-০৩-১৯৯১ তারিখের পত্র নং-অম/ব্যাধি/বাস্ত-৪/৮৭/৯০ এবং অর্থ বিভাগ, শাখা-৪ এর ১৩-০৪-৮৯ তারিখের স্মারক নং- অম/ব্যাধি/বাস-৪/এফবি-১২/৮৪(অংশ-২)-২৬ এর নির্দেশ মোতাবেক বৌদ্ধ ধর্মাবলম্বী উপজাতীয় কর্মকর্তা/কর্মচারীগণ যারা “বিজু উৎসব” অথবা “বৌদ্ধ পূর্ণিমা” কে প্রধান ধর্মীয় উৎসব হিসেবে পালন করে তাঁরা উক্ত উৎসবের প্রাক্কালে ২(দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন উৎসব বোনাস হিসেবে গ্রহণ করতে পারবেন। তবে বৌদ্ধ সম্প্রদায়ের (উপজাতীয়) উভয় ধর্মাবলম্বী কর্মকর্তা/কর্মচারীগণ উৎসব বোনাস হিসেবে একই অর্থ বছরে সর্বমোট ২(দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থের বেশী গ্রহণ করতে পারবেন না। তাঁরা উক্ত দুইটি উৎসবের মধ্যে কোনটি প্রধান উৎসব হিসেবে গণ্য করেন তা বোনাস গ্রহণের পূর্বে স্ব-স্ব অফিস/শাখা প্রধানকে অপশন প্রদানের মাধ্যমে অবহিত করবেন।

৫। সকল ক্ষেত্রেই এমনকি অপশন প্রদানের বেলায়ও ২৭-০৭-২০১৮ তারিখের মূল বেতনের ভিত্তিতে এই সাধারণ বোনাস প্রদেয় হবে।

৬। আলোচ্য বোনাস, শাখার ‘উৎসব বোনাস- ৯৯০৩১৭০০’ খাতকে ডেবিট করে প্রদান করতে হবে।

৭। যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ উপরোক্ত শর্ত সমূহ পরিপালন করবেন কেবলমাত্র তাদেরকে উৎসব বোনাস প্রদান করা যাবে। পুনরায় উল্লেখ করা যাচ্ছে যে, ২৭-০৭-২০১৮ তারিখের পরে যখনই বোনাস প্রদান করা হোক না কেন ২৭-০৭-২০১৮ তারিখের মূল বেতনের ভিত্তিতেই প্রদান করতে হবে।

৮। এই পরিপত্রের যে কোন বিষয় ব্যাখ্যার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের প্রশাসন বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

মোস্তফা আনোয়ার হোসেন
সহকারী মহাব্যবস্থাপক

তারিখঃ ০৫-০৮-২০১৮

সূত্র নং- ১/১০/২১০/

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (অপারেশন) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক (ই-মেইলে প্রেরণ)।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক (ই-মেইলে প্রেরণ)।
- ৬। নথি/মহানথি।

স্বাক্ষরিত/-

মোঃ মনির হোসেন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার